দৈনিক বাংলা

তারিখ ... 12 SEP 1992

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

155

৫০

# ঢাকা ভার্সিটিতে জাসাসের সব কার্যক্রম স্থগিত

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে "বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার" সকল কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে।

শুক্রবার দপ্তরের দায়িত্বে নিয়োজিত জাসাস সদস্য এমরান সালেহ প্রিন্সের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। এতে বলা হয়, ১০ সেপ্টেম্বর অনুষ্ঠিত জাসাস কেন্দ্রীয় সাংগঠনিক উপ-কমিটির জরুরী সভায় সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। উপ-কমিটির আহ্বায়ক জাহিদ হোসেন চুন্নু এতে সভাপতিত্ব করেন। সভায় বক্তব্য রাখেন ইমতিয়াজ হোসেন চপল, রুহুল আমিন, আলমগীর হোসেন ও এমরান সালেহ প্রিন্স।

## সন্ত্রাস দমনে সরকার দৃঢ়প্রতিজ্ঞ ঃ অলি

তথ্য বিবরণীর খবর ঃ যোগাযোগ মন্ত্রী কর্নেল (অবঃ) অলি আহমদ ছাত্র সমাজকে

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

দেশ গড়ার পথে নেতৃত্বদানের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বৃহস্পতিবার চট্টগ্রাম সার্কিট হাউজে নব প্রতিষ্ঠিত জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইউনিটের সদস্যদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

পরিকল্পনা মন্ত্রী জহিরউদ্দীন খানও সভায় বক্তৃতা করেন। ধর্ম প্রতিমন্ত্রী অধ্যাপক আবদুল মান্নান, সৈয়দ ওয়াহিদুল আলম এমপি ও সিরাজুল ইসলাম এমপি সমাবেশে উপস্থিত ছিলেন।

কর্নেল অলি বলেন, শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাসের মূলোৎপাটন করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। তিনি বলেন, 'আমাদের সময় লাগতে পারে তবে একাজে আমরা সফল হবোই।'

তিনি বাংলাদেশের সর্বত্র জাতীয়তাবাদী আদর্শ ছড়িয়ে দেওয়ার জন্য জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের সদস্যদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা যদি মনে করেন, তবে অধিকতর কার্যকরী করার জন্য বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধন করার প্রস্তাব রাখতে পারেন, সরকার তা বিবেচনা করে দেখবে। কর্নেল অলি বলেন, ছাত্ররা আমাদের সন্তান। তাদের সবাইকেই আমরা পড়ার টেবিলে ফিরিয়ে আনবো। তবে এ ব্যাপারে অগ্রণী ভূমিকা শিক্ষকদের গ্রহণ করতে হবে।

পরিকল্পনা মন্ত্রী জহিরউদ্দীন খান বলেন, এটি অত্যন্ত সন্তোষের বিষয় যে, বিদ্যার সর্বোচ্চ পীঠস্থানের সদস্যরাও শহীদ প্রেসিডেন্ট জিয়া সূচিত জাতীয়তাবাদী রাজনীতির প্রতি ক্রমশ অধিকহারে আকৃষ্ট হচ্ছেন।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পক্ষ থেকে ডঃ মাহবুবউল্লাহ, ডঃ মাহফুজুল হক, ডঃ আবদুল কালাম আজাদ, ডঃ ইউসুফ শরীফ আহমেদ খান ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নেতা এডভোকেট আবদুস সালাম মামুন সভায় বক্তৃতা করেন।